জীবননগরে ভেজাল থিয়োভিট উদ্ধার,ব্যবসায়ীকে জরিমানা

জীবননগরে ভ্র্যাম্যমান আদালত অভিযান চালিয়ে ভেজাল থিয়োভিট উদ্ধার এক ব্যবসা প্রতিষ্ঠানকে ৫হাজার টাকা জরিমানা প্রদান করেছে ।

আজ মঙ্গলবার দুপুর সাড়ে ১২টার সময় জীবননগর উপজেলার সহকারী কমিশনার ভ’মি তিথি মিত্র জীবননগর থানা পুলিশের সহযোগিতায় জীবননগর উপজেলার বাকা ব্রিক ফিল্ডের মের্সাস সাগর ট্রেডার্সে ভেজাল বিরোধী অভিযান চালিয়ে দোকানের মধ্যে থেকে ৬ প্যাকেট নিন্মমানের ভেজাল থিযোভিট উদ্ধার করে।

এ সময় মেসার্স সাগর ট্রেডার্সের মালিক সিরাজুল ইসলামকে ভেজাল থিয়োভিট বিক্রি করার অপরাধে নগদ ৫হাজার টাকা জরিমানা প্রদান করেন।

মেসার্স সাগর ট্রেডার্সের মালিক মোঃ সিরাজুল ইসলাম বলেন,আমি সিনজেন্টার থিয়োভিট গুলো দামুড়হুদা বাজারের মের্সাস নাঈম ট্রেডার্সের নিকট থেকে ক্রয় করেছি আমি তো জানি না এ গুলো ভেজাল সে আমার নিকট থেকে সিনজেন্টার থিয়োভিটের দাম নিয়েছে।

জীবননগর উপজেলার সহকারী কমিশনার ভুমি তিথি মিত্র বলেন,একটি গোপন সুত্রে জানতে পারি বাকা ব্রিক ফিল্ডের একটি কীটনাশকের দোকানে ভেজাল থিয়োভিট বিক্রয় করা হচ্ছে এ সংবাদ পেয়ে বাকা ব্রিক ফিল্ডের মের্সাস সাগর ট্রেডার্সে অভিযান পরিচালনা করে তার দোকান থেকে ৬ প্যাকেট নকল থিয়োভিট উদ্ধার করা হয় । উদ্ধারকৃত মালামালগুলো ধ্বংস করা হয়েছে। কৃষকদের সাথে প্রতারনা করায় ওই প্রতিষ্ঠানের মালিককে জরিমানা প্রদান করা হয় এবং তাকে সর্তক করা হয়। জনস্বার্থে এবং কৃষকদের স্বার্থে ভেজাল বিরোধী এ অভিযান অব্যাহত থাকবে।

ভ্রাম্যমান আদালত পরিচালনায় সহযোগিতা করেন জীবননগর উপজেলা কৃষি অফিসার মোঃ মনিরুজ্জামান।